



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbaggc.edu.bd

ফোন : ৯২৬২২৯৯
ফ্যাক্স : ৯২৬২৯১১
ই-মেইল : bbacollege@gmail.com
তারিখ : ২৪/০৮/২০১৯ খ্রি.

অনার্স ২য় বর্ষ পরীক্ষা-২০১৯ এর (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) ফরম পূরণের বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ২০১৭-১৮ নিয়মিত ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন এর ২০১৯ সাল অনার্স ২য় বর্ষ শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ১২ মাসের বেতন, সেশন চার্জ ও পরীক্ষা ফিস ধার্যকৃত টাকা কলেজে ক্যাশ কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে পূরণ পূর্বক ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.nubd.info/honours থেকে ফরম ডাউনলোড করে টাকা জমার রশিদ স্ব-স্ব বিভাগে প্রদর্শন পূর্বক ফরম যাচাই বাছাই করে নিজ নিজ বিভাগে জমার জন্য নির্দেশ দেওয়া হলো।

ফরম পূরণের তারিখ আগামী ২৫/০৮/২০১৯ থেকে ০৪/০৯/২০১৯ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত।

ফরম পূরণে ধার্যকৃত টাকার পরিমাণ নিরূপণ :

ক্র নং	বিভাগের নাম	ফিসের পরিমাণ	ফরম সংগ্রহ ও জমাদানের তারিখ
ক	বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম ও অর্থনীতি	২২০০/-	২৫/০৮/২০১৯ থেকে ২৭/৮/২০১৯ পর্যন্ত
খ	সমাজবিজ্ঞান, ইস. ইতিহাস ও দর্শন	২২০০/-	২৮/০৮/২০১৯ থেকে ২৯/০৮/২০১৯ পর্যন্ত
গ	ইংরেজি	২০০০/-	
ঘ	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স ও মার্কেটিং	২২০০/-	১/০৯/২০১৯ থেকে ০২/০৯/২০১৯ পর্যন্ত
ঙ	গণিত, প্রাণিবিদ্যা ও পদার্থবিদ্যা	২৯৮০/-	
চ	রসায়ন	৩১৮৫/-	০৩/০৯/২০১৯ থেকে ০৪/০৯/২০১৯ পর্যন্ত
ছ	উদ্ভিদবিদ্যা	৩২৫৫/-	
জ	সকল বিষয় একপত্র	১০০০/-	২৫/০৮/২০১৯ থেকে ০৪/০৯/২০১৯ পর্যন্ত

অতিরিক্ত প্রতি পত্রের জন্য ২০০/- টাকা করে যোগকরতে হবে।

বিঃদ্র: (১) সেশন চার্জ বাংলা, ইস. ইতিহাস, দর্শন, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স ও মার্কেটিং = ১৮৭৯/- টাকা (২) ইংরেজি = ১৮১৯/- (৩) রসায়ন = ১৯২৯/- পদার্থবিদ্যা, গণিত, উদ্ভিদ ও প্রাণিবিদ্যা = ১৯৭৯/- টাকা।

পরীক্ষা অংশগ্রহণের শর্তাবলী :

নিয়মিত : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী যারা ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত : ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষে উত্তীর্ণ হয়ে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০১৮ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারা ২০১৯ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন : * ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র C বা D গ্রেড প্রাপ্ত কোর্সে বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

* সকল F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষা দিয়ে রেজিস্ট্রেশনের মেয়াদ) অবশ্যই ন্যূনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।

* ২০১৮ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ১টি কোর্সে ২০১৯ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে পাবে। অন্যথায় তার কোর্স বাতিল হয়ে যাবে।

* ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

পাঠ্যসূচি :

সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস এবং ২০০৯-১০ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

অধ্যক্ষ
(আইডি নম্বর-১৩৩৯)
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
২৪/০৮/১৯